

# কৃষি গুচ্ছ ভর্তিতে আসন প্রতি লড়বে ২৫ শিক্ষার্থী

শেকৃবি  
সংবাদদাতা

১৭ মার্চ, ২০২৫  
১২:২৫

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

২০২৪-২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক শ্রেণির কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। আবেদন শুরু হয়েছিল গত ১৫ ফেব্রুয়ারি। ৯টি বিশ্ববিদ্যালয়ের মোট ৩ হাজার ৮৬৩টি আসনের বিপরীতে আবেদন জমা

পড়েছে ৯৪ হাজার ৩৬টি। আবেদনের প্রেক্ষিতে আসন প্রতি লড়বে প্রায় ২৫ জন শিক্ষার্থী।

আজ সোমবার (১৭ মার্চ) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. হেলাল উদ্দিন এই তথ্য নিশ্চিত করেন। কৃষি গুচ্ছের ভর্তি পরীক্ষা ৯টি কৃষি বিশ্ববিদ্যালয়ের মূল কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে একাধিক উপকেন্দ্র রাখা হতে পারে বলে অবহিত করেন কৃষি গুচ্ছের অন্তর্ভুক্ত বিশ্ববিদ্যালয় গুলোর উপাচার্যদের সমন্বয়ে গঠিত ভর্তি বিষয়ক এই কমিটি।

প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ভর্তি পরীক্ষা আগামী ১২ এপ্রিল বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে এবং পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে ১৭ এপ্রিল।

ভর্তি সংক্রান্ত অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

সমন্বিত কৃষি গুচ্ছের অন্তর্ভুক্ত ৯টি বিশ্ববিদ্যালয় হলো, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় এবং কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।